

CC-T-1

যেকোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২ x ৫

- ক) 'ঋণ' প্রধানত কয় প্রকার ও কি কি ? খ) চার্বাক কোন্ মহাভূতটি অস্বীকৃত এবং কেন ? গ) বৌদ্ধ মতে সদ্বস্তুর লক্ষণ কি ? ঘ) জৈনরা গুণ ও পর্যায়ের মধ্যে কি পার্থক্য করেছেন ? ঙ) জৈনরা 'স্যাৎ' বলতে কি বুঝিয়েছেন ? চ) মাধ্যমিকরা 'শূন্য' বলতে কি বুঝিয়েছেন ? ছ) ন্যায় মতে অনুমানের ভিত্তি কি কি ? জ) সমবায়ী কারণ কাকে বলে হয় ? ঝ) 'দ্ব্যণুক' ও 'ত্রসরেণু' – এর উপাদান গুলি কি কি ? ঞ) অনন্যাভাব ও অত্যন্তাভাবের মধ্যে পার্থক্য কি ?

CC-T-2

যেকোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২ x ৫

- ক) অ্যানাক্সিমেন্ডারের মতে জগতের প্রাথমিক কারণ কোনটি ? খ) সার্বিক পরিবর্তন বিষয়ে হেরাক্লিটাসের সুবিখ্যাত উক্তিটি কি ? গ) "Man is the Measure of All Things" – উক্তিটি কার ? ঘ) প্লেটোর মতে যথার্থ জ্ঞানের বৈশিষ্ট্য গুলি কি কি ? ঙ) অ্যারিস্টটলের মতে চারটি কারণ কি কি ? চ) দেকার্ত বিবিক্ত ধারণা বলতে কি বুঝিয়েছেন ? ছ) স্পিনোজার দেওয়া দ্রব্যের লক্ষণটি কি ? জ) আধুনিক দর্শনের জনক কাকে বলা হয় ?

HGE-T-1

যেকোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২ x ৫

- ক) 'ঋত' বলতে কি বোঝ ? খ) চার্বাক মতে 'প্রত্যক্ষ' কি ? গ) বৌদ্ধ দর্শনে চারটি 'আর্ষসত্য' কি কি ? ঘ) বৌদ্ধ মতে 'আত্মা' কি ? ঙ) 'মহাব্রত' কয়টি ও কি কি ? চ) 'অনেকান্তবাদ' – এর মূল কথা কি ? ছ) ন্যায় মতে লৌকিক সন্নিকর্ষ কয় প্রকার ও কি কি ? জ) পরার্থানুমানের অবয়ব গুলি উল্লেখ কর। ঝ) বৈশেষিক মতে সামান্য কয় প্রকার ও কি কি ? ঞ) অদ্বৈত মতে পারমার্থিক সৎ কি ?